চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়নে ভিজিএফ’র চাল বিতরন

বর্তমান সরকার গরীব বান্ধব সরকার। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ভিজিএফ’র চাল বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার সকাল ৮ টার দিকে চুয়াডাঙ্গা সদর বেগমপুর ইউনিয়নর অনুকুলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ উপহার ৩ হাজার ৬ শত গরীব-অসহায় মানুষের মাঝে বিনামূল্যে এ ভিজিএফ’র চাল বিকরন করা হয়েছে।

এ চাউল বিতরনের উদ্বোধন করেন বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন জোয়ার্দার।

এ ভিজিএফ চাল বিতরন উদ্বোধনী অনুষ্ঠানে ট্রাগ অফিসার হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা বিআরডিবির প্রকল্প কর্মকর্তা আরিফুজ্জামান, বেগমপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস,আই কানু চন্দ্র বিশ্বাস, ইউপি সদস্য প্যানেল চেয়ারম্যান জিল্লুর রহমান, ইউপি সদস্য হালিমা খাতুন, নাছিমা খাতুন, আহারন নেছা, আবু বক্কর জোয়ার্দ্দার, আলী কদর, আবু সালেহ, আমিরুল ইসলাম, আমিনুল ইসলাম, কায়েস উদ্দিন, আক্কাস আলী, বিএনপি নেতা আসলাম উদ্দিন সহ ইউনিয়নের গণ্যমান্য ব্যাক্তিবর্গ সুধি মহল।

চুয়াডাঙ্গায় ৫ম শ্রেণির স্কুলছাত্রীকে শ্লীলতাহানীর অভিযোগে শিক্ষক গ্রেফতার

চুয়াডাঙ্গায় ৫ম শ্রেণীর এক ছাত্রীকে শ্লীলতাহানীর ঘটনায় একই স্কুলের শিক্ষককে গ্রেফতার করেছে পুলিশ। ওবাইদুল ইসলাম তুহিন
(৩৫) নামের ওই শিক্ষক জেলার জীবননগর উপজেলার শাহপুর গ্রামের মৃত

নুর মোহাম্মদ মন্ডলের ছেলে ও চুয়াডাঙ্গা শহরের কালেক্টরেট স্কুল এন্ড কলেজের সমাজ বিজ্ঞানের শিক্ষক।

গতকাল রোববার বেলা সাড়ে ১২টার দিকে তাকে আটক করে পুলিশ। এ ঘটনায় দুপুরে স্কুল ছাত্রীর বাবা বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করেন।

মামলার এজাহার সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা শহরের কালেক্টরেট স্কুল এন্ড কলেজের সমাজ বিজ্ঞানের শিক্ষক ওবাইদুল ইসলাম তুহিনের কাছে প্রাইভেট পড়তো একই স্কুলের ৫ম শ্রেণীর এক ছাত্রী। প্রতিদিনের মতো রোববার সকাল পৌনে ১০টায় ওই ছাত্রী প্রাইভেট পড়তে যাই স্কুলের অদূরে সানফ্লাওয়ার স্কুলে। সেখানে প্রাইভেট পড়ার এক পর্যায়ে অন্য শিক্ষার্থীদের ছুটি দিয়ে দেই শিক্ষক তুহিন। ভুক্তভুগি শিক্ষার্থীকে ছুটি না দিয়ে বলে আরো অংক করতে হবে। অংক করার এক পর্যায়ে খাতা দেখার সময় ওই শিক্ষার্থীর স্পর্শকাতর স্থানে হাত দেয় শিক্ষক। এসময় শিক্ষার্থী কান্নাকাটি করতে থাকে। পরে আবারও জাপটে ধরতে চাইলে শিক্ষার্থী দৌড়ে পালানোর সময় রাস্তায় ভুক্তভুগির মামা দেখে স্কুল শিক্ষার্থীকে বাড়িতে নিয়ে যায় এবং অভিভাবকের কাছে ঘটনা খুলে বলে। পরে ভুক্তভুগি শিক্ষার্থীর বাবা-মা চুয়াডাঙ্গা সদর থানায় অভিযোগ করলে পুলিশ অভিযুক্ত শিক্ষক ওবাইদুল ইসলাম তুহিনকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, ভিকটিম স্কুল ছাত্রীর ২২ ধারায় জবানবন্দি রেকর্ড করা হয়েছে। আর গ্রেফতারকৃত শিক্ষক ওবাইদুল ইসলাম তুহিনকে আদালতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মো. মাসুদুজ্জামান বলেন, তুহিন সমাজ বিজ্ঞানের শিক্ষক হলেও ছোটদের ক্লাসে সে গণিত নিতো। এমন একটা জঘন্ন কাজ করবে আমরা কখনো ভাবিনি। প্রতিষ্ঠানটির একটা সুনাম তৈরি হয়েছিলো। আমরা চাই, দোষীর সবোর্চ্চ শাস্তি হোক।

দামুড়হুদা কাদিরপুরে কিতাব আলী হত্যার এজেহারভুক্ত আসামি তমছের আটক

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কাদিপুর গ্রামের কিতাব আলি হত্যার এজেহারভুক্ত একজন আসামিকে আটক করেছে দামুড়হুদা মডেল থানার পুলিশ। আসামি তমছের আলি (৪৫) কাদিপুর গ্রামের ইয়াসিন আলির ছেলে।

গতকাল রবিবার রাত ৮ টার দিকে কাদিপুর তার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।

উল্লেখ্য গত ১৯-০৪-২৩ তারিখে রাত সাড়ে ৮টার দিকে কিতাব আলি নিখোজ হলে পরদিন সকাল সাড়ে ৬টার দিকে কাদিপুর গোরস্থান পাড়ায় খালি জমির উপর মৃতদেহ দেখতে পায় এলাকাবাসী। সংবাদ পেয়ে চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, দামুড়হুদা সার্কেলের এএসপি জাকিয়া সুলতানা ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম ঘটনাস্থলে উপস্থিত থেকে মৃত কিতাব আলির লাশ উদ্ধার করেন।

পরে কিতাব আলির স্ত্রী রাবেয়া খাতুন বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় জাহাঙ্গীর, হাফিজুর,সাইফুল ইসলাম, তমছের,দিপু ও শহিদুলের নাম উল্লেখ করে হত্যা মামলা দায়ের করেন।

পরে মামলার তদন্ত কর্মকতা এস আই তৈহিদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে জাহাঙ্গীর, হাফিজুর, সাইফুল ইসলাম, তমশের, দিপুকে আটক করেন।

দামুড়হুদায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন অবহিতকরণ বিষয়ক

আলোচনা সভা

দামুড়হুদায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বেলা ৪ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলীসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় হাউলীতে ভিজিএফের চাউল বিতরণ

আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দরিদ্র অসহায় ও দূস্থ পরিবারের মাঝে সুন্দর ও সুষ্ঠ পরিবেশে ভিজিএফ এর চাউল বিতরণ করা হয়েছে।

গতকাল রোববার সকাল ৯ টার দিকে পরিষদ চত্বরে চাউল বিতরণ করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন নিজে উপস্থিত থেকে চাউল বিতরনের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সচিব নাঈম হোসেন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, শাহজামাল, আব্দুল হান্নান পটু, সেলিম উদ্দিনসহ সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন। এসময় ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ২ হাজার ৬শত ১৬ জন অসহায় ও দূস্থ পরিবারের মাঝে মাথাপিছু ১০কেজি করে চাউল বিতরন

করা হয়।

দামুড়হুদায় গণউপদ্রবের অপরাধে ঔষধ ব্যবসায়ীকে ৫ দিনের কারাদণ্ড

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গণউপদ্রবের অপরাধে অভিযুক্ত এক ঔষধ ব্যবসায়ীকে ৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

গতকাল রবিবার দুপুর ৩ টার দিকে উপজেলার দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে এঘটনা ঘটে। অভিযুক্ত ব্যক্তি দামুড়হুদা উপজেলার সদরে চিৎলা গ্রামের মোঃ হারুন সরদারের ছেলে মোঃ রিপন মাহমুদ (৩১)। তিনি স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে মা মেডিক্যালের স্বত্বাধিকারী ঔষধ ব্যবসায়ী।

জানাগেছে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রিপনের নিয়মিত গণউপদ্রবের কারণে স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসকরা অতিষ্ঠ হয়ে পড়েন। একপর্যায়ে অভিযোগ করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সজল কুমার দাসের কাছে। অভিযোগের ভিত্তিতে তাৎক্ষণিক ঘটনাস্থলে আসেন তিনি। অভিযোগ যাচাইয়ের পর সত্যতা মিললে অভিযুক্ত রিপনকে দণ্ডবিধির ১৮৬০ এর ২৯১ (গণউপদ্রব) ধারা অনুযায়ী ৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।

এতে স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে থাকা ঔষধ ব্যবসায়ীরা অবরোধ করলে দ্রুততম সময়ে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী আসেন। একপর্যায়ে ঔষধ ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করেন ও স্বাভাবিকভাবে সবাইকে দোকানপাট খুলে ব্যবসা করার আহ্বান জানান।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম

বলেন, আসিামকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। বর্তমানে হাসপাতাল ও আশেপাশের এলাকার পরিবেশ স্বাভাবিক রয়েছে।

দামুড়হুদায় পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

আসন্ন পবিত্র ঈদুল আযহা সুষ্ঠুভাবে উৎযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৩ টার সময় উপজেলা পরিষদের সভাকক্ষে পবিত্র ঈদুল আজহা’র প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতিমূলক সভায় যথাযথ মর্যাদায় উপজেলায় পবিত্র ঈদুল আযহা উৎযাপন উপলক্ষে ঈদের জামায়াতে সময়সূচি, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার, যত্রতত্র গরু জবাই যাতে না করা হয় সেদিকে লক্ষ্য রাখার বিষয়ে এবং ঈদগাহে কোন ইমাম ঈদের নামাজ পড়াবে তা আগে থেকেই নির্ধারণ সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, উপজেলা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাও মো: মামুনুর রশীদ।

এসময় আরও উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, উপজেলার বিভিন্ন মসজিদের ইমামগণ এবং বিভিন্ন ঈদগাহ কমিটির সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ।

চুয়াডাঙ্গা সদরের পদ্মবিলা ইউনিয়নে ভিজিএফ চাউল বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নে পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে গরীব আসহায় ও দুস্থ মানুষের মাঝে ভিজিএফ চাউল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চত্বরে সকাল আটটার সময় পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল এর সভাপতিত্বে এই কার্যক্রমের উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম মন্ডল বলেন, পদ্মবিলা ইউনিয়নের মোট ৯টি ওয়ার্ডে জনপ্রতি ১০কেজি চাউল গরীব আসহায় ও দুস্থ মানুষের জন্য মোট ১৬৭৮ জনের মাঝে এই চাউল বিতরণ করা হচ্ছে।

ভিজিএফ চাউল বিতরণ কার্যক্রম আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার পদ্মবিলা ইউনিয়নের সভাপতি খাঁজা শাহাবুদ্দিন, ইউনিয়ন পরিষদের সচিব মোশারফ হোসেন, ইউপি সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মফিজউদ্দীন, রবিউল ইসলাম,জালাল উদ্দিন, সুৃমন আলী,আজিবার মালিতা,ইনদাদুল হক,হুমায়ুন কবির,আব্দুর রাজ্জাক, ফেরদৌস আরা, সংরক্ষিত মহিলা ইউপি সদস্য ১,২,৩ নং ওয়ার্ড শরিফা খাতুন, ৪,৫,৬ ইউপি সদস্য হাসিনা খাতুন, ৭,৮,৯ ইউপি সদস্য আঞ্জুমান আরা লায়েলা সহ বায়েজিদ জোয়ার্দ্দার ও শান্তি হোসেন উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গার নাস্তিপুর গ্রামে

শিশু ধর্ষণ মামলার আসামী গ্রেফতার

চুয়াডাঙ্গা দর্শনা থানাধীন নাস্তিপুর গ্রামস্থ আসামী মোঃ তানভির হোসেন কাকনের বসতঘরের শয়ন কক্ষে ছয় বছরের শিশুকে কৌশলে ডেকে নিয়ে ঘরের ভিতর থেকে দরজা বন্ধ করে দিয়ে মুখ চেপে ধরে জোরপূর্বক ধর্ষণ করে। শিশুটি রক্তাক্ত অবস্থায় ঘটনার বিষয়ে তার পরিবারকে জানালে আত্মীয়-স্বজন চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নিয়ে ভর্তি করেন। ঘটনার বিষয়ে ভিকটিমের পিতা বাদী হয়ে দর্শনা থানার মামলা নং-১৯, ২৬শে জুন ধারা- ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধীত ২০০৩) এর ৯(১) রুজু করেন।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের দিকনির্দেশনায় দামুড়হুদা সার্কেল এএসপি জাকিয়া সুলতানার সহযোগিতায় এবং অফিসার ইনচার্জ মোঃ ফেরদৌস ওয়াহিদ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) এস. এম. আমান উল্লাহর নেতৃত্বে ধর্ষণ মামলার রহস্য উদঘাটন ও আসামী গ্রেফতারের লক্ষ্যে দর্শনা থানা এবং চুয়াডাঙ্গা ডিবি পুলিশের একাধিক টিম তাৎক্ষণিকভাবে মাঠে নামে।

মামলা রুজুর ২৪ ঘন্টা পার হতেই দর্শনা থানা পুলিশ অভিযান পরিচালনা করে ঘটনার বিভিন্ন পারিপার্শ্বিকতা ও স্বাক্ষ্য প্রমানের ভিত্তিতে এবং তথ্য প্রযুক্তির সহায়তায় ঘটনার সাথে জড়িত আসামী মোঃ তানভির হোসেন কাকন (২১)-কে ঝিনাইদহ জেলার ঝিনাইদহ বাস টার্মিনাল হতে শনিবার সকাল সাড়ে পাঁচটার সময় গ্রেফতার করতে সক্ষম হয়। আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে ধর্ষনের কথা প্রাথমিকভাবে স্বীকার করে।

আসামী ঘটনার দিন ২২শে জুন বেলা বারোটার সময় ছয় বছরের শিশু ভিকটিমকে মোবাইলে গেমস্ দেখানোর নাম করে আসামীর বসতঘরের শয়ন কক্ষে নিয়ে ঘরের ভিতর থেকে দরজা বন্ধ করে দিয়ে মুখ চেপে ধরে জোরপূর্বক ধর্ষণ করে।

প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে শনিবার সকাল দশ টার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন এই সকল তথ্য নিশ্চিত করেন ।

আলমডাঙ্গায় নবাগত ইউএনওর সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ

আলমডাঙ্গার নবাগত নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভা করেন উপজেলা প্রেসক্লাবের সাংবাদিকরা। এছাড়াও উপজেলায় কর্মরত সিনিয়র সাংবাদিকেরা এ মতবিনিময় সভায় অংশ গ্রহণ করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়।

এতে অংশ নেন- আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের সভাপতি নাহিদ হাসান, সাধারণ সম্পাদক এনএইচ শাওন, যুগ্নসাধারণ সম্পাদক সনজু আহমেদ, আব্দুল্লাহ হক, সাংগঠনিক সম্পাদক আলামিন হোসেন, সিনিয়র সহ-সভাপতি রাশেদুজ্জামান রাজিব, সহ-সভাপতি তানজিদ সোহেল হিরো, কার্যনির্বাহী সদস্য ইউনুছ আলী মন্ডল, সালাউদ্দিন, শাহরিয়ার শরিফ, সাংবাদিক ইখলাস হোসেন, নাসির উদ্দীন, রানা মাহমুদ।

এছাড়াও সৌজন্য ও মতবিনিময় অনুষ্ঠানে অংশ নেন সিনিয়র সাংবাদিক দৈনিক কালের কন্ঠ ও দৈনিক মাথাভাঙ্গার ব্যুরো প্রধান রহমান মুকুল, দৈনিক আমাদের নতুন সময় ও দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার অফিস প্রধান প্রশান্ত বিশ্বাস, দৈনিক ইত্তেফাক ও দৈনিক আকাশ খবরের ব্যুরো প্রধান ফিরোজ ইফতেখার, দৈনিক সমকাল ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার অফিস প্রধান তানভির সোহেল, দৈনিক সময়ের আলো ও দৈনিক মাথাভাঙ্গার সহকারী ব্যুরো শরিফুল ইসলাম রোকন, দৈনিক আমাদের সময় পত্রিকার প্রতিনিধি আনোয়ার হোসেন, দৈনিক দেশের বানীর ব্যুরো প্রধান এমদাদ হোসেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা স্নিগ্ধা দাস বলেন, আলমডাঙ্গা উপজেলা নতুন, আমিও এখানে নতুন যোগদান করেছি। উপজেলার সার্বিক উন্নয়নে আমাকে অনেক চ্যালেঞ্জের মোকাবিলা করতে হবে। তাই উপজেলার সার্বিক উন্নয়ন অগ্রযাত্রায় সাংবাদিকদের ইতিবাচক সহযোগিতা কামনা করেন।

তিনি আরও বলেন, সাংবাদিকরা সমাজের দর্পন স্বরুপ। আলমডাঙ্গা একটি

আদর্শ এলাকা। এই এলাকার অনেক সুনাম রয়েছে। তাই উপজেলার উন্নয়ন কর্মকাণ্ডে সাংবাদিকরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। আমি আলমডাঙ্গা উপজেলায় ভালো কিছু করতে চাই। এ জন্য সাংবাদিকদের সহযোগিতা প্রয়োজন।

উল্লেখ্য, সৌজন্যে সাক্ষাৎ ও মতবিনিময় সভা শেষে আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের পক্ষ থেকে (ইউএনও)কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।